

জনাব এ এস এম সালেহ আহমেদ, সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয় মহোদয়ের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত:

জনাব এ এস এম সালেহ আহমেদ ০২/১০/২০২৪ তারিখে সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয় হিসেবে নিয়োগ লাভ করেন এবং ০৩/১০/২০২৪ তারিখে সিনিয়র সচিব পদে যোগদান করেন। এ মন্ত্রণালয়ে যোগদানের পূর্বে তিনি যথাক্রমে উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) ও জেলা প্রশাসক হিসেবে সুনামের সাথে দায়িত্ব পালন করেন।

জনাব এ এস এম সালেহ আহমেদ কুমিল্লা জেলার সদর দক্ষিণ উপজেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে ব্যবস্থাপনা বিভাগে অনার্স ও মাস্টার্স সম্পন্ন করেন। পরবর্তীতে তিনি Maastricht School of Management থেকে ব্যবস্থাপনায় ডিপ্লোমা করেন।

জনাব এ এস এম সালেহ আহমেদ বিসিএস প্রশাসন ক্যাডারের ৭ম ব্যাচের একজন কর্মকর্তা। তিনি ১৫ ফেব্রুয়ারি ১৯৮৮ সালে সহকারী কমিশনার হিসেবে জেলা প্রশাসকের কার্যালয়, রংপুরে কর্মজীবন শুরু করেন। পরবর্তীতে জনপ্রশাসন মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, নির্বাচন কমিশন সচিবালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়সহ অন্যান্য সরকারি অফিসের গুরুত্বপূর্ণ বিভিন্ন পদে অত্যন্ত সুনামের সাথে দায়িত্ব পালন করেছেন।

তিনি মাঠ প্রশাসনের গুরুত্বপূর্ণ পদ উপজেলা নির্বাহী অফিসার হিসেবে নরসিংদীর পলাশ উপজেলায় এবং জেলা প্রশাসক হিসেবে মৌলভীবাজার জেলায় অত্যন্ত সুনাম ও কৃতিত্বের সাথে দায়িত্ব পালন করেন।

পরবর্তীতে তিনি যুগ্মসচিব হিসেবে ০১ জুলাই ২০২০ তারিখে অবসর গ্রহণ করেন।

মন্ত্রণালয় ও মাঠপ্রশাসনের গুরুত্বপূর্ণ দায়িত্ব পালনকালে তিনি দেশ বিদেশের নানা প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন। স্থানীয়ভাবে অনুষ্ঠিত বিসিএস অফিসার্স ওরিয়েন্টেশন কোর্স (বিএমএ), বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স (এফটিসি), আইন ও প্রশাসন প্রশিক্ষণ কোর্স ইত্যাদি কোর্সে অংশগ্রহণ করে সাফল্যের সাথে সম্পন্ন করেছেন।

বৈদেশিক প্রশিক্ষণের অংশ হিসেবে তিনি বিভিন্ন কোর্সে অংশগ্রহণ করেছেন। তিনি The Friendship Programme for the 21st Century, Management for General Managers, Health Sector Study Visit to UK & Zambia, Improving the Quality of Health Services প্রভৃতি কোর্সে অংশগ্রহণ করে সাফল্যের সাথে সম্পন্ন করেছেন। তিনি MATT-2 প্রশিক্ষণে Singapore Civil Service Academy এবং Matt-Stage-2 তে Manchester University-তে অংশগ্রহণ করেন।

পারিবারিক জীবনে তিনি বিবাহিত এবং এক কন্যা ও এক পুত্র সন্তানের পিতা।